



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ওয়েবসাইট: www.sgfl.org.bd
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



নম্বর: ২৮.২০.৯১৫৩.০৫৯.০১.০০১.২০.৮

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭
৩০ মে ২০২০

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৮-০৫-২০২০ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী আগামী ৩১-০৫-২০২০ তারিখ হতে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর প্রধান কার্যালয়সহ সকল অফিস/স্থাপনা খোলা থাকবে। এ প্রেক্ষিতে করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ ও পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীর স্বাস্থ্য সুরক্ষার জন্য এসজিএফএল-এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে:

অফিস চলাকালীন করণীয়:

- এসজিএফএল-এর প্রধান কার্যালয়সহ সকল অফিস/স্থাপনায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য আবশ্যিকভাবে সার্বক্ষণিক মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- অফিসে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- গেইটে থার্মাল স্ক্যানার দিয়ে শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশের অনুমতি দেয়া হবে।
- সকল অফিস কক্ষ ও সংযুক্ত বাথরুম পরিষ্কার রাখতে হবে। নিজের টেবিল এবং এর আশপাশ ব্যক্তিগত উদ্যোগে পরিষ্কার রাখতে হবে।
- অফিস ভবন/স্থাপনা (আঙ্গিনাসহ) ও কমন বাথরুমসমূহ নিয়মিতভাবে পরিষ্কার করে জীবানুমুক্ত রাখতে হবে। সকল বাথরুমে হ্যান্ড ওয়াশ/সাবান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- জরুরী প্রয়োজনে সাক্ষাতপ্রার্থী/ঠিকাদারকে সংশ্লিষ্ট কর্মকর্তার পূর্বানুমতিক্রমে স্বাস্থ্য বিধি মেনে স্বল্পসময়ের জন্য প্রবেশের অনুমতি দেয়া যাবে।
- ডাইনিং/ক্যান্টিন পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে। নিরাপদ দূরত্ব বজায় রেখে খাবার গ্রহণ করতে হবে। ডাইনিং/ক্যান্টিন এ কর্মরতদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করতে হবে। ক্যান্টিনের বিষয়টি ঠিকাদার নিশ্চিত করবেন।

যানবাহন ব্যবহারে করণীয়:

- কোম্পানির যানবাহন (বাস, মাইক্রোবাস, জীপ, কার ইত্যাদি) ব্যবহার করে অফিসে যাতায়াতকালীন সকলকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে। ভাড়াকৃত গাড়ির চালক এবং হেলপারদের মাস্ক পরিধানের বিষয়টি সংশ্লিষ্ট মালিককে নিশ্চিত করতে হবে।
- গাড়িতে বসার সময় নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে এবং যাত্রার পূর্বে ও যাত্রাকালীন পথে বারবার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- কোম্পানির নিজস্ব ও ভাড়াকৃত যানবাহনসমূহ জীবানুমুক্ত করতে হবে।
- কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত গাড়ি/মোটর সাইকেল ব্যবহার সীমিত করতে হবে।

- অফিস/আবাসিক এলাকায় প্রবেশের পূর্বে গেটের বাহিরে কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত গাড়ি/মোটর সাইকেল নিজস্ব উদ্যোগে প্রয়োজনীয় জীবানুশাক ব্যবহার করে জীবানুমুক্ত করতে হবে। অন্যথায় গাড়ি/মোটর সাইকেল বাহিরে রাখতে হবে।
- ব্যক্তিগতভাবে ভাড়া করা যানবাহন অফিস/আবাসিক এলাকায় প্রবেশ করতে পারবে না।
- জরুরী কাজের জন্য মালবাহি ট্রাক, পিকআপ ইত্যাদি ভাড়াকারি/ব্যবহারকারি নিজস্ব উদ্যোগে প্রয়োজনীয় জীবানুশাক ব্যবহার করে জীবানুমুক্ত করে ভিতরে প্রবেশের অনুমতি দেয়া হবে।
- কনডেনসেট ও অন্যান্য স্থালানী তেল পরিবহনকাজে নিয়োজিত ট্যাংকলরী সমূহের বিষয়ে ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- সাক্ষাতপ্রার্থীদের যানবাহন কোন অবস্থাতে অফিস/আবাসিক এলাকায় প্রবেশ করতে দেয়া যাবে না।
- মন্ত্রণালয়, পেট্রোবাংলা বা অন্যান্য সরকারি গাড়ি প্রবেশের ক্ষেত্রে প্রয়োজনীয় জীবানুশাক ব্যবহার করে জীবানুমুক্ত করে ভিতরে প্রবেশের অনুমতি দেয়া যাবে।

কোম্পানির সকল মহাব্যবস্থাপক ও ফিল্ড/স্থাপনার উপ-মহাব্যবস্থাপক/ইনচার্জ এবং উপ-মহাব্যবস্থাপক (সেবা) উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



৩০-৫-২০২০

প্রকৌ. আলী ইকবাল মোঃ নূরুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
ইমেইল: md@sgfl.org.bd

নম্বর: ২৮.২০.৯১৫৩.০৫৯.০১.০০১.২০.৮/১(২৭)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭
৩০ মে ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাব্যবস্থাপক সকল
- ২) উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ইনচার্জ সকল
- ৩) উপ-মহাব্যবস্থাপক(সার্ভিসেস), সার্ভিসেস ডিপার্টমেন্ট, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ৪) ব্যবস্থাপক(নিরাপত্তা), সিকিউরিটি এন্ড ফায়ার ফাইটিং, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ৫) ব্যবস্থাপক(ডিএলও), ঢাকা লিয়াজো অফিস, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড



৩০-৫-২০২০

প্রকৌ. আলী ইকবাল মোঃ নূরুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)